

Total number of printed pages – 7

63 (FY)SEM-3/MIN/BENMIN2014A

2025

**BENGALI**

Paper : BENMIN2014A

**( Old and Medieval Period Bengali  
Literature )**

Full Marks : 70

Pass Marks : 28

Time : Three hours

**The figures in the margin indicate  
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির শুদ্ধ বিকল্প বেছে নিয়ে লেখো :

১×১০=১০

(ক) “বৃন্দাবন জাএ রাধা রস পরিহাসে।

আড় নয়নে দেখে কাহ্নত্রিঙ্ক পাশে।

খসাতাঁ বন্ধিল পুণী কুন্তলভার।

সঘন ছাড়িল রাধা হাশ্বী আপার।।”

—রাধার সম্পর্কে কবির এই বর্ণনা ‘শ্রীকৃষ্ণকীর্তনের’ কোন

খণ্ডে পাওয়া যায়?

(i) তাম্বুলখণ্ড

(ii) নৌকাখণ্ড

(iii) বৃন্দাবনখণ্ড

(iv) বংশীখণ্ড

(খ) “রাজসভাকবি রায়গুণাকরের অনন্দামঙ্গল-গান রাজকণ্ঠের মণিমালার মতো, যেমন তাহার উজ্জ্বলতা তেমনি তাহার কারুকার্য।” – ভারতচন্দ্র সম্পর্কে উক্তিটি করেছিলেন—

(i) রবীন্দ্রনাথ ঠাকুর

(ii) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(iii) জীবনানন্দ দাশ

(iv) বুদ্ধদেব বসু

(গ) ‘চৈতন্যভাগবত’ গ্রন্থটির রচয়িতা –

(i) বৃন্দাবন দাস

(ii) কৃষ্ণদাস কবিরাজ

(iii) গোবিন্দ দাস

(iv) বলরাম দাস

(ঘ) নিম্নে উল্লিখিত কোন কবি শাক্তপদাবলীর পদ রচনা করেছেন?

(i) কাশীরাম দাস

(ii) নারায়ণ দেব

(iii) রূপরাম চক্রবর্তী

(iv) কমলাকান্ত

(ঙ) ‘টালত মোর ঘর নাহি পড়বেষী।

হাড়ীত ভাত নাহি নিতি আবেশী।।’ - এর কবি হলেন-

(i) লুইপাদ

(ii) চেন্দণপাদ

(iii) ভুসুকুপাদ

(iv) কুক্কুরীপাদ

(চ) রূপরাম চক্রবর্তী রচিত কাব্যটির নাম হল—

(i) শ্রীধর্মপুরাণ

(ii) অভয়ামঙ্গল

(iii) অনাদিমঙ্গল

(iv) মঙ্গলচণ্ডীর গীত

(ছ) চর্যাপদ কত সালে প্রকাশিত হয়?

(i) ১৯১২

(ii) ১৯১৫

(iii) ১৯০৭

(iv) ১৯১৬

(জ) 'পাণ্ডববিজয়' গ্রন্থের রচয়িতা হলেন –

(i) শ্রীকর নন্দী

(ii) কাশীরাম দাস

(iii) কবীন্দ্র পরমেশ্বর

(iv) নিত্যানন্দ ঘোষ

(ঝ) কাকে চণ্ডীদাসের ভাবশিষ্য বলা হয়?

(i) গোবিন্দদাস

(ii) জ্ঞানদাস

(iii) বিদ্যাপতি

(iv) জয়দেব

(ঞ) কোন্ বৈষ্ণবপদ রচয়িতাকে 'অভিনব জয়দেব' নামে অভিহিত করা হয়?

(i) বিদ্যাপতি

(ii) চণ্ডীদাস

(iii) জ্ঞানদাস

(iv) গোবিন্দদাস

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : (যে-কোনো পাঁচটি)  
২×৫=১০

(ক) “হরি গেও মধুপুর হাম কুলবালা।

বিপথে পড়ল যৈছে মালতি-মালা।।

... নয়নক নিন্দ গেও বয়নক হাস।

সুখ গেও পিয়া-সঙ্গ দুখ হাম পাশ।।

– বৈষ্ণব পদাবলী সাহিত্যের কোন্ পর্যায়ের পদ এটি, এর রচয়িতার নাম কী?

(খ) ‘চৈতন্যভাগবতের’ আদি ও অন্ত খণ্ডে কয়টি করে অধ্যায় আছে?

(গ) বৈষ্ণব পদাবলীর দুজন পদকর্তার নাম লেখো।

(ঘ) সৈয়দ আলাওল রচিত দুটি গ্রন্থের নাম লেখো।

- (ঙ) বন্দাবনের ষড় গোস্বামীদের নাম লেখো।
- (চ) শ্রীচৈতন্যদেবের পিতা ও মাতার নাম লেখো।
- (ছ) মালাধর বসুর 'শ্রীকৃষ্ণবিজয়' কাব্যের রচনাকাল জ্ঞাপক ছত্র দুটির উল্লেখ করো।

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো ছয়টি)

৫×৬=৩০

- (ক) টীকা লেখো : জয়দেব
- (খ) টীকা লেখো : সদুক্তিকর্ণামৃত
- (গ) টীকা লেখো : মালাধর বসু
- (ঘ) টীকা লেখো : তুর্কি আক্রমণ
- (ঙ) টীকা লেখো : দৌলত কাজী
- (চ) টীকা লেখো : কমলাকান্ত
- (ছ) টীকা লেখো : চৈতন্যদেবের ভাবধারা বাংলা সমাজে কী প্রভাব ফেলেছিল?
- (জ) টীকা লেখো : গোরক্ষ বিজয়
- (ঝ) টীকা লেখো : বিদ্যাপতির পদে প্রেমভাবের পদের বর্ণনা দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুটি)

১০×২=২০

- (ক) অভিসারের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কবি কৃতিত্ব আলোচনা করো।
- (খ) চর্যাপদের সাহিত্য মূল্য বা কাব্য মূল্য আলোচনা করো।
- (গ) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে? তাঁর কাব্য প্রতিভা সম্পর্কে আলোচনা করো।
- (ঘ) কৃষ্ণদাস কবিরাজ বিরচিত 'চৈতন্যচরিতামৃত' কাব্য সম্পর্কে আলোচনা করো।

\_\_\_\_\_